দৈনিক খবর (৭)

তারিখ 10 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

# শিক্ষকদের ১৫ দফা মেনে নেয়ার ডাক

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদের ১৫ দফা দাবী আগামী ৫ই জানুয়ারীর মধ্যে মেনে নেয়া না হলে আগামী ৯ই ফেব্রুয়ারী শিক্ষকদের জাতীয় সমাবেশ থেকে আন্দোলনের চূড়ান্ত কর্মসূচী ঘোষণা করা হবে।

গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবে এ কর্মসূচীর কথা ঘোষণা করেন শিক্ষক সমিতির সভাপতি মোঃ কামরুজ্জামান। সম্মেলনে উপস্থিত ছিলেন ঐক্য পরিষদের মোঃ নুরুল্লাহ, মোঃ বদরউদ্দিন হাওলাদার, হাবিবুর রহমান ও নজরুল

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## শিক্ষকদের ১৫ দফা

প্রথম পৃষ্ঠার পর

ইসলামপাটোয়ারী।

চূড়ান্ত কর্মসূচীর পূর্বে পরিষদ ২০শে ডিসেম্বর প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ, ৬ থেকে ১৫ই জানুয়ারী গণসংযোগ ও প্রচার, ১৯শে জানুয়ারী মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুলে প্রতীক ধর্মঘট, ২১শে জানুয়ারী স্কুলে স্কুলে শিক্ষক, অভিভাবক ও ম্যানেজিং কমিটির সদস্যদের সভা, ২৬শে জানুয়ারী উপজেলা ও থানা পর্যায়ে সমাবেশ ও মিছিল, ৩০শে জানুয়ারী জেলা পর্যায়ে সমাবেশ ও মিছিল, ৯ই ফেব্রুয়ারী চূড়ান্ত কর্মসূচী ঘোষণা করা হবে।